

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি বিশ্ববিদ্যালয়-১ (অধিশাখা-১৮)
www.shed.gov.bd

নং-শিম/শা:১৮/ব:কৃ:বি:-১/৯৯(অংশ)/৩০০


তারিখ: ০৫ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ
২০ সেপ্টেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মোঃ গিয়াসউদ্দীন মিয়াকে জাপানের কোবেতে 3rd Task Force Meeting and the 37th Steering Committee Meeting-এ যোগদানের জন্য আগামী ১২/১০/২০১৭ থেকে ১৪/১০/২০১৭ তারিখ পর্যন্ত (ট্রানজিট পিরিয়ড ব্যতিত) ০৩ (তিন) দিন নিম্নে বর্ণিত শর্তে জাপান গমন ও অবস্থানের অনুমতি প্রদান করতে সম্মতি জ্ঞাপন করেছেনঃ

- (ক) বর্ণিত ভ্রমণের যাবতীয় ব্যয় আয়োজনকারী সংস্থা Asia-Pacific Network for Global Change Research (APN) কর্তৃপক্ষ বহন করবে। এতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
- (খ) তিনি ভ্রমণ শেষে দেশে ফিরে কাজে যোগদান করবেন এবং মন্ত্রণালয়কে অবহিত করবেন;
- (গ) তাঁর বর্ণিত সফরকাল কর্তব্যকাল হিসেবে গণ্য হবে;
- (ঘ) কর্তব্যকালীন তিনি বাংলাদেশী মুদ্রায় বেতন ভাতাদি গ্রহণ করবেন;
- (ঙ) এ ভ্রমণের একটি প্রতিবেদন ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করে নিশ্চিত করবেন;
- (চ) ভাইস-চ্যান্সেলরের অনুপস্থিতকালে একই বিশ্ববিদ্যালয়ের জ্যেষ্ঠ ডিন প্রফেসর ড. জালাল উদ্দিন আহমেদ তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে ভাইস-চ্যান্সেলরের রুটিন দায়িত্ব পালন করবেন।

২। মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


(হাবিবুর রহমান)
উপসচিব
ফোন : ৯৫৭১৮৭৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সচিব, আপন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৩. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৫. উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, সালনা, গাজীপুর।
৬. প্রফেসর ড. জালাল উদ্দিন আহমেদ, জ্যেষ্ঠ ডিন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, সালনা, গাজীপুর।
৭. মাননীয় মন্ত্রী একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
৯. রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, সালনা, গাজীপুর।
১০. পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
১১. উপ-পরিচালক, বৈদেশিক মুদ্রানিয়ন্ত্রণ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
১২. সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(এ আদেশটি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)